# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১-৮৪৮

তারিখঃ ২০ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৪ আগষ্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা যুব ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ০৫/০৮/২০২৪ তারিখ রোজ সোমবার সকাল- **১১.৩০** টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচিঃ**

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

(মোঃ লুৎফর রহমান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা যুব ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর,পঞ্চগড়।

**বিতরণ ঃ**

...............................................................

...............................................................

(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ**

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।

CamScanner

## উপজেলা যুব ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির আগষ্ট/২০২৪ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ
তারিখ সময় ঃ ০৫/০৮/২০২৪ খ্রিঃ, সময় ঃ সকাল- ১১.৩০ টা

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ সংক্রান্ত আলোচনা ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় বায়োগ্যাস প্রকল্প চলমান আছে। তিনি আরো জানান যে, বৈশ্বিক মহামারী করোনার কারণে বিভিন্ন দেশ হতে কাজ হারিয়ে ২০২০ সালে প্রায় ৫ লক্ষ কর্মী দেশে ফেরত এসেছেন। পঞ্চগড় সদর উপজেলায় যে সকল কর্মী ফেরত এসেছেন তাদেরকে নগদ প্রণোদনা, আত্মকর্মস্থানে সহযোগিতা প্রদান, ঋণ প্রাপ্তির সহযোগিতা, কাউন্সেলিং, উদ্যোক্তা প্রশিক্ষণ গ্রহণে সহযোগিতা, দক্ষতা সনদ প্রদান, কারিগরি প্রশিক্ষণ গ্রহণে সহযোগিতা, কল্যাণমূলক অন্যান্য সহযোগিতা প্রদান করা হবে। সকল বিদেশ ফেরত কর্মীদের রেজিস্ট্রেশন করার বিষয়ে প্রচার জরার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ১) উপজেলা যুব উন্নয়ন অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।<br>২) বিদেশ ফেরত কর্মীদেরকে যুব উন্নয়ন অফিসে এসে রেজিস্ট্রেশন করার বিষয়ে প্রচার জরার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ১) উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>২) সকল ইউপি চেয়ারম্যান |
| ০২ | **ক্রীড়া প্রতিযোগীতা ঃ** উপজেলা পরিষদের উদ্যোগে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে স্থানীয় উদ্যোগী ব্যক্তিদের পৃষ্ঠপোষকতায় বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা আয়োজন করার জন্য উপজেলা পরিষদে প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানান। | এই সমস্ত বিষয় নিয়ে উপজেলা পরিষদ সাধারণ সভায় আলোচনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৩ | **সেচ্ছাসেবী যুব সংগঠন ঃ** সেচ্ছাসেবী যুব সংগঠনগুলোর তালিকা তৈরী করা এবং যুব কার্যক্রমের সাথে তাদের সম্পৃক্ততা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানান। | এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৪ | **বিবিধ ঃ** সভায় উপজেলার মধ্যে অবস্থিত বিভিন্ন স্কুল ও মাদ্রাসার জন্য ক্রীড়া সামগ্রী ও বিভিন্ন ধরনের উপকরণ ক্রয় ও বিতরণের জন্য উপজেলা পরিষদকে উদ্বুদ্ধ করা ও সুপারিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। আর্থিক অনুদান/সহায়তা প্রদান ও পুরস্কার প্রদানের নিমিত্তে যুব সংগঠন নির্বাচন কার্যক্রম বাছাই প্রক্রিয়া পর্যালোচনা করা এবং নীতিমালার আলোকে সংগঠন নির্বাচনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করতে হবে। এছাড়া জাতীয় যুব দিবস ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে উপজেলা পরিষদকে সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা যুব ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

CamScanner

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিস
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৫৪৪

তারিখঃ ২১ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৫ আগষ্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ**

০১। উপজেলা ........................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব.......................................................................................
সদস্য, উপজেলা যুব ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

মোঃ লুৎফর রহমান
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা যুব ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর,পঞ্চগড়।

CamScanner

## উপজেলা যুব ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সভার উপস্থিতি ঃ

তারিখ- ০৫/০৬/২০২৪

**(পরিশিষ্ট-ক)**

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ**

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
| --- | --- | --- |
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, অমরখানা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, পঞ্চগড় ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, চাকলাহাট ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসমাইল হোসেন, চাকলাহাট, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

CamScanner